# ফটিকছড়িতে বিএনপি প্রার্থীকে সমর্থন জানাল: হেফাজত আমির


হেফাজতে ইসলামের আমির। ছবি: সংগৃহীত

চট্টগ্রাম-২ (ফটিকছড়ি) আসনে ধানের শীষ প্রতীকের প্রার্থী সরোয়ার আলমগীরের প্রতি সমর্থন জানিয়েছে হেফাজতে ইসলাম বাংলাদেশ। সংগঠনটির আমির আল্লামা মুহিব্বুল্লাহ বাবুনগরী এ ঘোষণা দেন।

বৃহস্পতিবার রাতে কাজিরহাট বড় মাদ্রাসা মাঠে আয়োজিত এক মাহফিলে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, দেশের বর্তমান প্রেক্ষাপটে ধর্মীয় মূল্যবোধ সুরক্ষার বিবেচনায় এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই বিষয়ে জামায়াতে ইসলামীর সঙ্গে সমন্বিত অবস্থানের কথাও উল্লেখ করেন তিনি।

তিনি নির্বাচনকে চলমান আন্দোলনের অংশ হিসেবে আখ্যা দিয়ে সতর্ক করেন, অনভিপ্রেত কোনো শক্তি রাষ্ট্রক্ষমতায় এলে ধর্মীয় চেতনায় আঘাত আসতে পারে।

সভায় বিএনপি প্রার্থী সরোয়ার আলমগীর, হেফাজতের শীর্ষ নেতৃবৃন্দ এবং বিভিন্ন মাদ্রাসার আলেমরা উপস্থিত ছিলেন।

LENS ASIA